

**আজকের এইচএসসি
ও মাদ্রাসা বোর্ডের
পরীক্ষা স্থগিত**

ঢাকা শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন-আজ বুধবার অনুষ্ঠিত এইচএসসি ও মাদ্রাসা পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। গতকাল শিক্ষা বোর্ডের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বুধবার অনুষ্ঠিতব্য উচ্চ

পরীক্ষা : (পূ: ২ ক: ৩)

পরীক্ষা : স্থগিত
(১ম পৃষ্ঠার পর)

সাধারণিক সার্টিফিকেট পরীক্ষার বাংলা (আবশ্যিক)-২য় পত্র, সফির বাংলা-২য় পত্র এবং বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি-২য় পত্রের পরীক্ষা অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে। এই পরীক্ষা অনুষ্ঠানের তারিখ পরে জানানো হবে। ঢাকা শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ড ছাড়া অন্যান্য শিক্ষা বোর্ডের উল্লিখিত পরীক্ষা সময়সূচি অনুযায়ী যথাযথি অনুষ্ঠিত হবে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন আজ বুধবারের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত পরীক্ষার পরিবর্তিত তারিখ শিগগিরই ঘোষণা করা হবে। তবে পূর্ব ঘোষিত সময়সূচির অন্যান্য পরীক্ষা অপরিবর্তিত থাকবে।